# জগন্নাথ মন্দিরের প্রসাদ খাওয়াতে খরচ ৪২ কোটি, অভিযোগ বিজেপির, পালটা কুণালও

**উজ্জ্বল দত্ত, কলকাতা :** শনিবার রাজ্য বিজেপির সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায় সাংবাদিক বৈঠক করে বলেন, 'রথযাত্রার আগে রাজ্যের মানুষকে গজা ও প্যাঁড়া বিতরণের জন্য ৪২ কোটি টাকা ব্যয় করছে তৃণমূল সরকার। ওই টাকা দিতে বলা হয়েছে হিডকোকে। হিডকো মূলত রাজ্য সরকারের প্রোমোটার। সরকারের ডেভেলপার। তাদের কাজ সরকারি বাড়ি বানানো। তর্কের খাতিরে মেনে নিলাম, মন্দির নয়, সরকারি সাংস্কৃতিক কেন্দ্রের নামে হিডকো দিঘায় একটি বাড়ি বানিয়েছে। যার নাম মন্দির দেওয়া হয়েছে। কিন্তু তারা কেন গজা ও প্যাঁড়ার জন্য খরচ করবে? সরকারের নানা খাত থেকে কেন টাকা তুলছে?' পরে জগন্নাথ চট্টোপাধ্যায় বলেন, 'শুক্রবার



পর্যন্ত বিভিন্ন জেলাশাসক ও কলকাতার পুরকমিশনারকে গজা ও প্যাঁড়ার জন্য ৩২ কোটি টাকা দেওয়া হয়েছে। নবান্ন থেকে নির্দেশ দেওয়া হয়েছে, আরো ১০ কোটি টাকা দিতে হবে। রাজ্যের মানুষকে জগন্নাথদেবের প্রসাদ হিসাবে ৪২ কোটি টাকার প্যাঁড়া, গজা খাওয়াতে চলেছে রাজ্য সরকার। আর এই টাকা হিডকো খরচ করছে।' এদিন বিজেপি নেতা হুঁশিয়ারি দেন, 'হিডকোকে এই নির্দেশ কারা দিয়েছে আর কেন তারা এই ব্যয়ভার বহন করছে, তার সদুত্তর না পেলে এই সংস্থাকে আদালতে টেনে নিয়ে যাবে বিজেপি। আর্থিক দুর্ভোগের মধ্যে রাজ্য সরকার ৪ হাজার কোটি টাকা ঋণ নিয়েছে। তার মধ্যে ৪২ কোটি টাকা নিয়েছে গজা ও প্যাঁড়ার জন্য। এই যজ্ঞ কেন?' এবিষয়ে হিডকোর চেয়ারম্যান তথা মন্ত্রী ফিরহাদ হাকিমের সঙ্গে কথা বলার চেষ্টা করা হলে তাঁর ফোন বেজে যায়। তবে তৃণমূল কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক কুণাল ঘোষ বলেন, 'অযোধ্যায় রামমন্দির বানাতে গিয়ে কত লোকের বাড়ি আর দোকান উচ্ছেদ করেছে, কত লোককে পথে বসিয়েছে বিজেপি সেটা নিয়ে ভাবুক। প্রসাদ খাওয়ানোর বিষয়টি পুরোপুরি প্রশাসনিক ব্যাপার। প্রশাসন যা বলার বলবে। আদৌ হিডকোর অর্থ ব্যয় হচ্ছে কিনা, হলে প্রসাদের জন্য খরচ হচ্ছে, নাকি অন্য কোনও কারণে হচ্ছে, সেগুলো প্রশাসনই দেখছে। ওদের এটা দেখতে হবে না।'

## সিঁদুর উদ্যানের উদ্বোধনে কয়লামন্ত্রী

**অগ্নি বন্দ্যোপাধ্যায়, অণ্ডাল :** শনিবার লাউদোহার ঝাঁঝরায় সিঁদুর উদ্যানের উদ্বোধন করেন কেন্দ্রীয় কয়লামন্ত্রী জি কৃষান রেড্ডি। ১০ কোটি ৫ লাখ টাকা ব্যয়ে এই উদ্যানটি তৈরি হয়েছে। আগামী ২ মাসের মধ্যে উদ্যানটি সাধারণের জন্য খুলে দেওয়া হবে। কাশ্মীরের পঁহেলগাম সন্ত্রাসী হামলার পালটা হিসেবে পাক-ই-স্তানে ভারতীয় সেনা যে অভিযান চালায় সেই অভিযানের নামেই পার্কটির নাম দেওয়া হয়েছে সিঁদুর। কয়লামন্ত্রী জি কৃষান রেড্ডি ফিতে কেটে উদ্যানের উদ্বোধন করেন। ছিলেন ইসিএলের সিএমডি সতীশ ঝাঁ। এদিন ব্যাটারিচালিত ই-রিক্সাতে চড়ে উদ্যানটি ঘুরে দেখেন কয়লামন্ত্রী সহ অন্যান্য আধিকারিকরা। কয়লামন্ত্রী বলেন, 'বিদ্যুৎ সহ অন্যান্য কাজে কয়লার সরবরাহ জরুরি। উৎপাদন বাড়াতে মনোযোগ দিতে হবে। শ্রমিকদের সুরক্ষার পাশাপাশি জোর দিতে হবে নির্মল পরিবেশ গড়ে তোলার কাজে।'

# কেশরী-চ্যাপ্টার টু' ইস্যুতে বিজেপি-তৃণমূলকে তোপ সৃজনের

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** কেশরী-চ্যাপ্টার টু নিয়ে বিজেপি ও তৃণমূলের বিরুদ্ধে তোপ দাগলেন এসএফআইয়ের সর্বভারতীয় নেতা সৃজন ভট্টাচার্য। এই সিনেমায় দেশগৌরব বিপ্লবী ক্ষুদিরাম বসুকে অপমান করা হয়েছে বলে অভিযোগ ওঠে। বিধাননগর পুলিশ কমিশনারেট এলাকার থানায় লিখিত অভিযোগ দায়ের হয়েছে। এবার এই ইস্যুতে বিজেপি ও তৃণমূল কংগ্রেসকে আক্রমণ করে তোপ দাগলেন সৃজন ভট্টাচার্য। তিনি এই সিনেমার নির্মাতাদের নিঃশর্ত ক্ষমা চাওয়ার দাবি তুলেছেন। সমালোচনা করেছেন রাজ্যের শাসক দল তৃণমূল কংগ্রেসেরও। সৃজন ভট্টাচার্যের অভিযোগ, 'তৃণমূল সরকারের আমলেই অষ্টম শ্রেণির ইতিহাস বইতে ক্ষুদিরাম-সহ অগ্নিযুগের বীরদের সন্ত্রাসবাদী আখ্যা দেওয়া হয়েছিল। ফলে ইতিহাস বিকৃতিতে তৃণমূল ও বিজেপি, উভয়ই আরএসএসের ভূমিকা পালন করছে।' এনিয়ে সোশাল মিডিয়ায় সৃজন ভট্টাচার্য লেখেন, 'খুবই হইচই হচ্ছে ক্ষুদিরাম সিং নিয়ে। হট্টগোলের কারণও আছে। আরএসএস-বিজেপির পোস্টারবয় অক্ষয় কুমারের সিনেমায় এই ধরনের ইতিহাস



বিকৃতির অভিযোগ নতুন নয়। এখনই কেশরী-চ্যাপ্টার টু-এর নির্মাতাদের নিঃশর্ত ক্ষমা চাওয়া উচিত ও এখন থেকেই সিনেমাটিতে ক্ষুদিরাম বসু ও বারীন ঘোষের নামই ব্যবহার করা উচিত।' তিনি আরও লেখেন, 'এ অপমান বাংলার সব মানুষের, আমাদের সবার। ভারতের স্বাধীনতা সংগ্রামে বাংলার ভূমিকাকে ভুলিয়ে দেওয়ার চেষ্টা করছে আরএসএস-পন্থীরা। একইসঙ্গে, কৃপাল সিংয়ের মতো বিশ্বাসঘাতককে গ্লোরিফাই করারও চেষ্টা রয়েছে সিনেমায়। সাভারকারের শিষ্যরা কাল চট্টগ্রাম যুব বিদ্রোহ নিয়ে সিনেমা বানালে নেত্র সেনকে হিরো বানাবে। তীব্র বিরোধিতা রইল।' সৃজন ভট্টাচার্য সোশাল মিডিয়া পোস্টে আরো লেখেন, 'তবে, ক্ষুদিরাম কি এই প্রথমবার অপমানিত হলেন? যারা আজ ভোটের জন্য বাঙালি সাজতে ক্ষুদিরামকে ব্যবহার করছে, তাদের দায় নেই কোনো? তৃণমূল সরকারের আমলেই একটি ওয়েব সিরিজ প্রকাশিত হয়েছিল, যেখানে থানার মোস্ট ওয়ান্টেড ক্রিমিনালদের বোর্ডে ক্ষুদিরাম বসুর ছবি লটকানো হয়েছিল। সেন্সর বোর্ড কিছু বলেছিল? মনে পড়ে না।' এই তরুণ বামনেতার আরো দাবি, 'মেদিনীপুরের একটু পুরোনো মানুষদের আড্ডায় কান পাতলে জানা যাবে, এখন বিজেপির শীর্ষনেতা, ২০২০ অবধি মমতা বন্দ্যোপাধ্যায়ের নয়নের মণি এক গুণধরের কাহিনি। ইনি তখন ছাত্রনেতা, এগরা কলেজে ১১ আগস্ট গুন্ডামি করতে ঢুকে ক্ষুদিরামের শহিদ বেদি লাথি মেরে ভেঙে দেওয়ার হুমকি দিয়ে বলেছিলেন, এখানে কোনো ক্ষুদিরামের শহিদ দিবস বিবাহবার্ষিকী কিচ্ছু পালন করা যাবে না। কালে কালে কত কী হল! সেদিনের সেই ছাত্রনেতা আজ সাহাবুদ্দিনের বাড়ি ঘুরে ছাপমারা দেশভক্ত হয়েছেন। যে ছেলেমেয়েগুলো সেই সুদূর নয়ের দশকের এগরা কলেজে ক্ষুদিরামের শহিদ দিবস পালন করছিলেন, তাঁদের উত্তরসূরীরা আজো এই কেশরী- টু নামক বাঁদরামিটির বিরুদ্ধে মেদিনীপুরে ক্ষুদিরামের মূর্তির সামনে প্রতিবাদ জানিয়েছে।'

## হাওড়ার বিস্কুট কোম্পানির ম্যানেজার খুনে ধৃত ১

**ভাস্কর বিশ্বাস, হাওড়া :** হাওড়ার এক বিস্কুট কোম্পানির ম্যানেজার অনিমেষ মিত্রকে খুনের ঘটনায় গ্রেফতার করা হয়েছে অন্যতম মূল অভিযুক্ত অভিষেক সোনকারকে। শুক্রবার তাকে হাওড়ার ইছাপুরের বাড়ি থেকে আটক করা হয়। এরপর রাতভর চলে জেরা। অবশেষে পুলিশের জেরায় দোষ স্বীকার করে অভিযুক্ত। ধৃতকে জেরা করে আরও কয়েকজনের নাম ছাড়াও বেশ কিছু গুরুত্বপূর্ণ তথ্য জানা গেছে। তদন্তের স্বার্থে পুলিশ কিছু জানাতে চাইছে না। তবে এই মামলায় বাকিদের খোঁজে তল্লাশি শুরু করেছে পুলিশ। এই খুনের ঘটনাকে ঘিরে ধোঁয়াশায় পুলিশ। খুন কি শুধুমাত্র টাকার জন্য নাকি ব্যবসায়িক সমস্যায় রয়েছে। এরইমধ্যে বোলপুরে গিয়ে অনিমেষ মিত্রের বাড়ির লোকরা দেহ শনাক্ত করেন। পরে মৃতদেহ পরিবারের হাতে তুলে দেওয়া হয়। শনিবার ধৃত অভিষেককে হাওড়া জেলা আদালতে তোলা হলে ৬ দিনের পুলিশি হেফাজতের নির্দেশ দেন বিচারক। ধৃতকে জেরা করে খুনের ব্যাপারে আরও জানা যাবে বলে মনে করছে পুলিশ। উল্লেখ্য, হাওড়ার এক বিস্কুট কোম্পানির অ্যাকাউন্টস ম্যানেজার অনিমেশ মিত্র বৃহস্পতিবার ব্যাঙ্কে টাকা জমা দিতে যাওয়ার সময় হাওড়া থেকে নিখোঁজ হন। উত্তর ২৪পরগনার নৈহাটির বাসিন্দা অনিমেষের খোঁজ না পেয়ে পরিবারের পক্ষ থেকে নিখোঁজ ডায়েরি করা হয়। বৃহস্পতিবার তিনি শিবপুরের এক বেসরকারি ব্যাঙ্কে টাকা জমা দেওয়ার জন্য বেরিয়েছিলেন। তারপর থেকে তাঁকে খুঁজে পাওয়া যাচ্ছিল না। সিসিটিভিতে দেখা যায়, ১টি বাইকে করে তিনি অন্য কোন জায়গায় যাচ্ছেন। তাঁকে জোর করে বাইকে তোলা হয়। অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করে পুলিশ। শুক্রবার বোলপুরে একটি মৃতদেহ পাওয়া যায়। পরিবারের লোকেরা শনাক্ত করেন তিনিই অনিমেষ মিত্র।

## জগদ্দলে নিহত তৃণমূল নেতার সাক্ষীর দেহ উদ্ধার

**প্রতীতি ঘোষ, বারাকপুর :** জগদ্দলে নিহত তৃণমূল নেতা অশোক সাউ খুনের অন্যতম সাক্ষী তাঁর আত্মীয় দীপক কুমার সাউ ৪দিন ধরে নিখোঁজ থাকার পর শনিবার জগদ্দলের পালঘাট রোড এলাকার এক নর্দমা থেকে তাঁর মৃতদেহ উদ্ধার হয়। স্থানীয়রা বেশ কিছুক্ষণ পথ অবরোধ করে ও পুলিশের বিরুদ্ধে বিক্ষোভ দেখান। বিজেপি নেতৃত্বের সঙ্গেও পুলিশের বচসা বাধে। গত বছর ১৩ নভেম্বর নৈহাটি বিধানসভা উপনির্বাচনের দিন জগদ্দলে খুন হন তৃণমূল নেতা অশোক সাউ। তৃণমূল নেতা খুনের ঘটনায় এনআইএ'র হাতে তদন্তভার তুলে দেওয়ার আবেদন জানিয়ে আদালতে যান মৃতর পরিবার। এই মৃত্যুর পেছনে ষড়যন্ত্র থাকতে পারে বলে পরিবারের দাবি। পুলিশ তদন্ত শুরু করেছে।

## কর্মীদের সুস্থতার জন্য ব্যাঙ্ক অফ বরোদার উদ্যোগে যোগ দিবস পালন



**সুখবর ব্যুরো :** বছরভর ব্যাঙ্কের কর্মীদের স্বাস্থ্য রক্ষা ও সুস্থতা বজায় রাখার জন্য ব্যাঙ্ক অফ বরোদাও সারা দেশের সব ক'টি অফিসে আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন করে। কর্মীরা যাতে প্রতিদিন যোগাভ্যাস করেন তার জন্য উৎসাহিত করতে ব্যাঙ্ক অফ বরোদা 'রাইস উইথ যোগ' ব্যবস্থা নিয়ে এসেছে। ব্যাঙ্কের কর্মী ও তাঁদের পরিবারের মানসিক ও শারীরিক সুস্থতার জন্য ২০২৪ সালেই ব্যাঙ্ক অফ বরোদা প্রতিদিনের জন্য ৩০ মিনিট করে যোগের অনলাইন লাইভ সেশন ও ধ্যান চালু করে। শনিবার যোগ দিবসে ব্যাঙ্ক বিভিন্ন জায়গায় কর্মীদের জন্য সার্টিফায়েড যোগ প্রশিক্ষকের তত্ত্বাবধানে যোগ সেশনের আয়োজন করে। এদিন ব্যাঙ্কের এক্সিকিউটিভ ডিরেক্টর লাল সিং বলেন, 'ব্যাঙ্ক অফ বরোদা তার কর্মীদের স্বাস্থ্য রক্ষাকে সবার আগে গুরুত্ব দেয়। যোগব্যায়ামের অসংখ্য উপকার রয়েছে।'



**২১ জুন এলআইসি'র পূর্বাঞ্চলীয় অফিসে জোনাল ম্যানেজার জে এস তোলিয়া ও অন্যান্য আধিকারিকরা আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন করেন।**

## অ্যাম্বুলেন্স ও ট্রাকের ধাক্কায় মৃত ৩, জখম ৩

**বিপুন ভট্টাচার্য, বর্ধমান :** দুর্গাপুর থেকে এক রোগীকে কলকাতায় ভরতি করে ১টি অ্যাম্বুলেন্স ফাঁকা আসছিল। সেই ফাঁকা অ্যাম্বুলেন্সে কলকাতার নাগেরবাজারের এক পরিবারের কয়েকজন সদস্য দুর্গাপুরে আসছিলেন। তাঁদের এক আত্মীয় দুর্গাপুরে ভরতি থাকায় তাঁকে দেখতে আসছিলেন। শনিবার ভোরের দিকে জামালপুরের কাছে মুসুণ্ডা এলাকায় নিয়ন্ত্রণ হারিয়ে ওই অ্যাম্বুলেন্সটি সামনে থাকা ১টি লরির পেছনে ধাক্কা মারে। এই ঘটনায় ৩জন মারা যান। জখম আরো ৩জন। মৃতদের আত্মীয়া দুর্গাপুরের বাসিন্দা শুক্লা মৈত্র বলেন, সম্ভবত অ্যাম্বুলেন্সের চালক ঘুমিয়ে পড়ার জন্য এই ঘটনা ঘটেছে। মশাগ্রামের কাছে চালকের ঘুম পেয়ে যাওয়ায় লরির পেছনে ধাক্কা মারে। দুর্ঘটনায় মারা যান শুক্লা মৈত্রের ননদের স্বামী গৌতম দাস, অ্যাম্বুলেন্সের টেকনিসিয়ান বিশ্বজিৎ চৌধুরী ও অ্যাম্বুলেন্স চালক বিধান রুইদাস। এদের মধ্যে গৌতম দাসের বাড়ি কলকাতার নাগেরবাজার এলাকায়, বিশ্বজিত চৌধুরীর বাড়ি দুর্গাপুরে ও বিধান রুইদাসের বাড়ি বীরভূমের জয়দেবে। এই দুর্ঘটনায় গুরুতর জখম ডাঃ ইন্দ্রনীল ভট্টাচার্যকে দুর্গাপুরের মিশন হাসপাতালে ভরতি করা হয়েছে। বাকি ২ জখম চম্পা দাস ও তাঁর মেয়ে মিলি দাসকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়। চম্পা দাসের মা আইসিইউ-তে ভরতি রয়েছেন। তাঁকে দেখতেই আসছিলেন ওই পরিবারের সদস্যরা।

## গোঘাটে বিজেপি নেতার ঝুলন্ত মৃতদেহ উদ্ধার

**অমিত চৌধুরী, হুগলি :** শনিবার গোঘাটের সানবাঁদি এলাকায় হাত বাঁধা অবস্থায় বিজেপি কর্মী শেখ বাকিবুল্লার ঝুলন্ত দেহ উদ্ধার হয়। জানা গেছে, তিনি গোঘাটের সংখ্যালঘু মোর্চার মণ্ডল প্রেসিডেন্ট ছিলেন। এদিন সকালে পরিবারের লোকরা তাঁকে বাড়ির বারান্দায় ঝুলন্ত অবস্থায় দেখতে পান। তাঁকে রাজনৈতিক কারণে খুন করা হয়েছে বলে দাবি পরিবারের। খবর পেয়ে পৌঁছোয় গোঘাট থানার পুলিশ। দেহ উদ্ধার করতে গেলে স্থানীয়দের বাধার মুখে পড়ে পুলিশ। পরে বিজেপির দলের উচ্চ নেতৃত্ব ঘটনাস্থলে এলে দেহ উদ্ধার করে পুলিশ। বিজেপির আরামবাগ জেলা সাংগঠনিক সভাপতি সুশান্ত বেড়া বলেন, 'শেখ বাকিবুল্লা বিজেপি দলের ভালো কর্মী ছিলেন। তাঁকে খুন করা হয়েছে। পুলিশ দোষীদের খুঁজে উপযুক্ত ব্যবস্থা নিক।'

## বারুইপুর সূর্যপুর সেতুর শেষ পর্যায়ের কাজ চলছে

**প্রদীপকুমার সিংহ, বারুইপুর :** আগে দক্ষিণ ২৪ পরনার সূর্যপুরের ছোটো সেতু ছিল। সেখান থেকে জয়নগর, কাকদ্বীপ, রায়দিঘি ইত্যাদি জায়গায় লরি ও ম্যাটাডরে করে মালপত্র যেত। তার ফলে গাড়ি যাতায়াতে খুবই সমস্যায় পড়তে হত। সেতুটিও জরাজীর্ণ হয়ে যায়। সেজন্য বারইপুর পশ্চিম বিধানসভা কেন্দ্রের বিধায়ক তথা বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় ও বারুইপুর পূর্ব বিধানসভা কেন্দ্রের বিধায়ক বিভাস সরদারের উদ্যোগে সূর্যপুরে নতুন ব্রিজ তৈরি করার জন্য টেন্ডার ডাকা হয়। সেই অনুযায়ী এই ব্রিজ ভেঙে পাশে আরেকটি ছোটো ব্রিজ তৈরি করে সেখান থেকে গাড়ি যাতায়াত করে। আড়াই বছর পরে বারুইপুরের সূর্যপুর সেতু উদ্বোধনের অপেক্ষায়। জুলাই মাসের প্রথম সপ্তাহে এই সেতুর উদ্বোধন হতে পারে বলে পূর্ত দফতরের আধিকারিকরা জানান। শনিবার সেতুর সামনে রাস্তা চওড়া করার জন্য কিছু দোকান ভাঙা ও রাস্তা খোঁড়াখুঁড়ির কাজ শুরু করে পূর্ত দফতর। বারুইপুর থানার পুলিশও মোতায়েন ছিল। এই সেতু তৈরি করতে ব্যয় হয়েছে ৭ কোটি ৬৫ লাখ টাকা। সেতুটি ১৬ মিটার চওড়া হয়েছে। ২০২২ থেকে এই সেতু সংস্কারের জন্য বন্ধ ছিল।

## খড়্গপুর পুরসভার স্ট্যান্ডিং কমিটিতেই জায়গা পেলেন না হিরণ

**সুমনকুমার দাস, খড়্গপুর :** পুরপ্রতিনিধি হয়েও খড়্গপুর পুরসভার কোনো স্থায়ী কমিটিতেই জায়গা হল না বিজেপি বিধায়ক হিরণ চট্টোপাধ্যায়ের। তারকা বিধায়ক পুরসভার ৩৩ নম্বর ওয়ার্ডের কাউন্সিলরও। জানা গেছে, বিরোধীদের দেওয়া প্রথম তালিকায় অবশ্য তাঁর নাম ছিল। শেষ মুহূর্তে নাকি হিরণ চট্টোপাধ্যায়ের নাম বাদ দিয়ে অন্যান্য পুরপ্রতিনিধিদের নাম জমা দেওয়া হয়। হিরণ নিয়মিত পুরসভায় আসেন না, পুর বৈঠকেও অংশ নেন না। তাই তাঁর নাম নাকি তালিকায় রাখা হয়নি বলে সূত্রের খবর। তাঁকে বাদ দিয়েই ৬টি স্ট্যান্ডিং কমিটি সহ ১১টি বিভিন্ন কমিটি তৈরি হয়েছে। অর্থ, পূর্ত, বর্জ্য প্রতিস্থাপন, স্বাস্থ্য, জল, পাব্লিক অ্যাকাউন্টস প্রভৃতি কমিটিতে অবশ্য কংগ্রেসের ৪ জন কাউন্সিলর, সিপিআইএমের ১ জন কাউন্সিলর ও বিজেপির ৫জন কাউন্সিলর (হিরণকে বাদ দিয়ে) জায়গা পেয়েছেন। পুরপ্রধান কল্যাণী ঘোষ বলেন, 'বিরোধী দলের পুরপ্রতিনিধিরাই হিরণ চট্টোপাধ্যায়ের নাম বাদ দিয়ে তালিকা জমা দিয়েছিলেন। সেভাবেই কমিটি তৈরি হয়েছে।' অন্যদিকে, হিরণকে কমিটিতে বাদ দেওয়া নিয়ে বিজেপির কাউন্সিলরদের মধ্যে মতবিরোধ দেখা দিয়েছে। এনিয়ে বিধায়ক তথা কাউন্সিলর হিরণ চট্টোপাধ্যায় বলেন, 'আমাকে কমিটিতে না রাখলে অসুবিধাটা কোথায়? আমি তো খড়্গপুরে সব থেকে বেশি কাজ করছি। বিধানসভার অধিবেশন চলাকালীন আসা যায় না। যখন বিধানসভা চালু থাকে না, তখন পুর বৈঠকে একাধিকবার অংশ নিয়েছি। এখন বিরোধীদের মধ্যে যাঁরা তৃণমূলের দালালি করেন তাঁরাই হয়তো আমার নাম রাখতে চাননি।'

## দক্ষিণ দুর্গাপুর দাসপাড়া সমবায় এসইউসির হাতছাড়া

**উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, জয়নগর :** শনিবার কুলতলি থানার দেউলবাড়ি দেবীপুর পঞ্চায়েতের দক্ষিণ দুর্গাপুর দাসপাড়া সমবায় কৃষি উন্নয়ন সমিতির মোট ৯টি আসনের ভোট ছিল। ভোটের সময় বিরোধী দলের তরফে বুথ দখলের অভিযোগ উঠলেও কার্যত তা মানতে চাননি নির্বাচনের দায়িত্বে থাকা আধিকারিক। ফল গণনার পর তৃণমূল কংগ্রেসের ৯জন প্রার্থীকেই বিজয়ী বলে ঘোষণা করা হয়। উল্লেখ্য, ১৯৬৪ সালে এই সমবায় হয়। এরপর টানা ৬১ বছর ক্ষমতায় ছিল এসইউসিআই(সি)। এই প্রথম বিরোধী শূন্য হয় এই সমবায়। এককভাবে ক্ষমতায় আসে তৃণমূল কংগ্রেস।


### আমমোক্তারনামা বিজ্ঞপ্তি

১ ক্রেতা - সবিতা সিনহা স্বামী - বাসুদেব সিনহা সাং- শ্যামনগর আমি ঘোষনা করতেছি যে-মৌজা নোয়াপাড়া জে.এল.নং- ৪০২ হাল দাগ নং- ৪৩৪৮, ৪৩৫৮ হাল খতিয়ান নং- ১২৬০ ভুক্ত যাহা অগ শ্যামনগর নিবাসী শ্রী গণেশ লাল চ্যাটার্জী ইং- ২৩/০৬/১৯৯৯ সালে বারাসাত ডি আর অফিসের রেজেস্ট্রীকৃত বুক নং ৪ - ২১৩ নং আমমোক্তার শ্রী গৌতম বসু মহাশয়কে নিযুক্ত করেন, ঐ আমমোক্তার ইং-১৯/০৫/২০০০ সালে ব্যারাকপুর রেজেস্ট্রী অফিসের ৩৫৭৩ দলিল মূলে ক্রয় করিয়া ঐ অফিসের ইং ২২/০৯/২০০৩ সালে ৬৮৭৭ দলিল মূলে আমি ক্রয় করিয়া নাম পত্তন করিবার আবেদন করিয়াছি, যদি কারো আপত্তি থাকে তাহলে শামনগর বি এল & এল আরও অফিসে ঘোষনার পরে ৭ দিনের মধ্যে আপনার লিখিত আপত্তি জমা করবেন।

### নাম ও পদবি পরিবর্তন

আমি Krishna Debnath, স্বামী Nitai Debnath, গ্রাম গোহালবাটি, পোঃ শ্রীনগর, থানা হাবড়া, উঃ 24 পঃ গত 13/6/2025 বারাসাত ফার্স্ট ক্লাস জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের এফিডেভিট (নং-2282) বলে Lipika Debnath হলাম। বর্তমানে Krishna Debnath এবং Lipika Debnath এক ও অভিন্ন ব্যক্তি।

### NAME CHANGE

I, Manu Ojha , S/o Ajit Ojha, R/o 26, Belur Road, Dist.- Howrah, Pin-711204, P.O.: Liluah, W.B., shall be known as Monu Ojha, changed via affidavit 1st Class Judicial Magistrate, Alipore Court (No.: 9262) Dated 17.06.2025. Henceforth, Manu Ojha & Monu Ojha is the same & identical person.

### CHANGE OF NAME

I, SERIFA BIBI, D/o MULUKJAN SEKH, aged about by 43 years, residing at Kashipur Naharpara, Maheshasthali, Bhudhar Kismat, Murshidabad, PIN - 742178, W.B. do hereby declare that in my actual name is SERIFA BIBI, which has been recorded in my Voter ID card vide no. KSM2291557; That my name SHIRIA BIBI which has been recorded in my Aadhar Card vide no. 3713 3537 2588. On dated 18.06.2025 vide an affidavit before Ld. Executive Magistrate, Rampurhat, Birbhum, I affirm that SERIFA BIBI & SHIRIA BIBI is the same and one identical person.

### NAME CHANGE

I, Rizvi hiba, D/O- Syed Asif Rizvi, Residing at 2A SF4, Sunrise Point, Street No. 653, Action Area- 2C, Akhanka More, New Town, Rajarhat, Kolkata, P.O. New town, Dist.- 24 PGS (N), West Bengal- 700156. Now I have changed my name & shall henceforth be known as Hibah Rizvi as declared before Notary Public, Bidhannagar Court, West Bengal vide affidavit no. 52978 dated 21/06/2025 Rizvi hiba and Hibah Rizvi both are same and identical person.

### নাম ও পদবি পরিবর্তন

আমি সহারাফ মণ্ডল, পিতা- মৃত খলিল মণ্ডল, EPIC No.- HCT 1361435, গ্রাম ও পোষ্টি-পুঁড়া, থানা-বাদুড়িয়া, জেলা-উঃ ২৪ পঃ, পিন- ৭৪৩৪২৭, আমার বাবার ভোটার কার্ডে খলিল মণ্ডল, পিতা- আব্দুলবারী মণ্ডল, আধার কার্ডে ও ডেথ সার্টিফিকেটে খলিল মণ্ডল, পিতা- আব্দুল বারী মণ্ডল, কিন্তু বাবার জমির রেকর্ডে যাহার Kh. No.- 8270, মৌজা- পুঁড়া, J.L No.- 89, আব্দুল খলিল মণ্ডল, পিতা- আব্দুল বারী আছে। গত ১০/০৬/২০২৫ তারিখে ৪২২৮/২৫ নং বসিরহাট এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কোর্টের এফিডেভিট বলে সংশোধন করা হল। খলিল মণ্ডল, পিতা- আব্দুলবারী মণ্ডল ও খলিল মণ্ডল, পিতা- আব্দুল বারী মণ্ডল ও আব্দুল খলিল মণ্ডল, পিতা- আব্দুল বারী একই ব্যক্তি বলিয়া পরিচিত হইল।

### নাম ও পদবি পরিবর্তন

আমি কাবেরী মণ্ডল, স্বামী- মৃত ভরত চন্দ্র মণ্ডল, EPIC No.- WB/14/094/492545, শ্বশুর মৃত সুবল চন্দ্র মণ্ডল, গ্রাম ও পোষ্ট- ভোজপাড়া, থানা- বাদুড়িয়া, জেলা- উঃ ২৪ পঃ, পিন- ৭৪৩৪২৭, আমার শ্বশুরের নাম আমার স্বামীর জমির রেকর্ডে যাহার Kh. No.- 12612, মৌজা- পুঁড়া, JL-89, সুবোল মণ্ডল আছে। গত ১২/০৬/২০২৫ তারিখে 4353/25 নং বসিরহাট এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কোর্টের এফিডেভিট বলে সুবোল মণ্ডল সংশোধন করে সুবল চন্দ্র মণ্ডল করা হল। সুবল চন্দ্র মণ্ডল ও সুবোল মণ্ডল একই ব্যক্তি বলিয়া পরিচিত হইল।

আমি খাদিজা বিবি, স্বামী- মৃত আক্তার মোল্লা, EPIC No.- WB/14/094/555137, গ্রাম- মাগুরালি, পোষ্ট- সফিরাবাদ, থানা- বাদুড়িয়া, জেলা- উঃ ২৪ পঃ, পিন- ৭৪৩৪২৭, আমার স্বামীর ভোটার কার্ডে মোল্লা আক্তার, পিতা- দুর্লভি, আধার কার্ডে ও ডেথ সার্টিফিকেটে আক্তার মোল্লা, পিতা- দুর্লভ মোল্লা, কিন্তু তাহার জমির রেকর্ডে যাহার খতিয়ান নং- ৮২৮, মৌজা-বক্রচণ্ডীবাওড়, জে.এল ৯৫-তে আক্তার আলি মোল্লা, পিতা- দুল্লভ মোল্লা আছে। গত ১৩/০৬/২০২৫ তারিখে ৪৩৭০/২৫ নং বসিরহাট এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কোর্টের এফিডেভিট বলে সংশোধন করা হল। মোল্লা আক্তার, পিতা- দুর্লভ ও আক্তার মোল্লা, পিতা- দুর্লভ মোল্লা ও আক্তার আলি মোল্লা, পিতা- দুল্লভ মোল্লা একই ব্যক্তি বলিয়া পরিচিত হইল।

### বিজ্ঞপ্তি

এতদ্বারা জ্ঞাত করা যাইতেছে যে, শ্রী উজ্জ্বল কুমার পিতা স্বর্গীয় রমেন্দ্র কৃষ্ণ কুমার, সাকিম গোপালপুর, পোঃ-রেওড়া, গোপালপুর, থানা- জামালপুর, জেলা - পূর্ব বর্ধমান, পিন- ৭১৩১৬৬, কর্তৃক নিযুক্ত আমমোক্তার শ্রী তুলসী দাস, পিতা স্বর্গীয় রঘুনাথ দাস (এ. ডি. এস. আর. জামালপুর আমমোক্তারনামা নং ২১৬৮, তারিখ ২৭/০৬/২০২৪) মূলে সম্পাদিত বিক্রয় কোবালা দলিল নং ২২৮৩, তাং ০৩/০৭/২০২৪, এ. ডি. এস. আর. জামালপুর, দ্বারা আমার মক্কেল শ্রী ম্যানেজার রাম, পিতা স্বর্গীয় রাম লাগন রাম, সাকিম চিনি কুটি লাইন বরাহনগর আলমবাজার, পোঃ- আলমবাজার, থানা- বরাহনগর, জেলা - উত্তর ২৪ পরগনা, পিন- ৭০০০৩৫, সম্পত্তি যাহা জেলা - পূর্ব বর্ধমান, থানা জামালপুর, মৌজা - গোপালপুর, জে. এল. নং- ১১৩, এল. আর. খতিয়ান নং - ১৪৩০, দাগ নং - ১১৩৪, শ্রেণী - শালি, পরিমান - ৩৩ শতক ক্রয় করিয়াছেন। এক্ষণে আমার মক্কেল নাম পত্তনের জন্য বি. এল. অ্যান্ড এল. আর. ও জামালপুর অফিসে মিউটেশন কেস নং -MN/2025/0204/5431 আবেদন করিয়াছেন। এই বিষয়ে কাহারও এই বিষয়ে আপত্তি থাকিলে ৩০ দিনের মধ্যে উক্ত অফিসে যোগাযোগ করুন।

স্বাক্ষর - মুন্সী আতিকুজ জামান
অ্যাডভোকেট, বর্ধমান জজ আদালত, পূর্ব বর্ধমান।

আমি আম্বিয়া বিবি, স্বামী- মৃত সিরাজুল গাইন, EPIC No.- HCT 2204543, গ্রাম ও পোষ্ট- কাটিয়াহাট, থানা-বাদুড়িয়া, জেলা-উঃ ২৪ পঃ, পিন- ৭৪৩৪২৭, আমার ছেলের ভোটার কার্ডে, আধার কার্ডে ও ডেথ সার্টিফিকেটে এশাকুল গাইন, পিতা- সিরাজুল গাইন, কিন্তু তাহার জমির রেকর্ডে যাহার খতিয়ান নং- ৪৫৩৮, মৌজা- কাটিয়া, জে.এল ৯৬-তে মোঃ এশাকুল গাইন, পিতা- মোঃ সিরাজুল ইসলাম গাইন আছে। গত ১৩/০৬/২০২৫ তারিখে ৪৩৬৯/২৫ নং বসিরহাট এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কোর্টের এফিডেভিট বলে সংশোধন করা হল। এশাকুল গাইন, পিতা- সিরাজুল গাইন ও মোঃ এশাকুল গাইন, পিতা- মোঃ সিরাজুল ইসলাম গাইন একই ব্যক্তি বলিয়া পরিচিত হইল।

### Name Change

I, Debmalya Das, S/o Late Prabir Das, R/A - Flat - 1E/F, Block E, 1458, Garia Main Road, Rajpur Sonarpur (M), Garia, South 24 Parganas, PIN - 700084 (WB), have changed my name and shall henceforth be known as Debmalya Pravir Das as declared before the Ld. Judicial Magistrate Court 1st Class at Kolkata (WB) vide Affidavit No. 8826 dated 07/05/2025. Debmalya Das and Debmalya Pravir Das both are same and identical person.

### পঞ্জাব নৈশনল বৈংক punjab national bank

...भरोसे का प्रतीक ! ...the name you can BANK upon !

সার্কেল অফিস, এসএএমডি দুর্গাপুর, নাচন রোড, বেনাচিতি, দুর্গাপুর, পশ্চিম বর্ধমান, পব: / ই-মেল : codgprec@pnb.co.in

**দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)**

যথারীতি, সিকিওরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিওরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এর নিয়মানুযায়ী নিযুক্ত ১৩(২) নং সেকশন ও সিকিওরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল অনুযায়ী প্রাপ্ত ক্ষমতা প্রয়োগে নিম্নে স্বাক্ষরিত পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক ঋণগ্রহণকারীকে/দেরকে নিম্নে উল্লিখিত তারিখে দাবি বিজ্ঞপ্তি পাঠিয়ে, বিজ্ঞপ্তিটি প্রকাশিত হওয়ার / বিজ্ঞপ্তিটি পাওয়ার ৬০দিনের মধ্যে মোট বকেয়া শোধ করার আহ্বান জানিয়েছেন।

ঋণগ্রহণকারী(রা)/জামিনদার(রা)/বন্ধকদার(রা) উক্ত অর্থাঙ্ক দিতে ব্যর্থ হয়েছেন ও সেই কারণে বিশেষভাবে ঋণগ্রহণকারী(দের)/জামিনদার(দের)/বন্ধকদার(দের) ও সার্বিকভাবে জনসাধারণের উদ্দেশ্যে জানানো হচ্ছে যে, নিম্নোক্ত স্বাক্ষরকারী নীচে বর্ণিত সম্পত্তি উল্লিখিত অ্যাক্টের ১৩ (৪) নং সেকশন সহ সিকিওরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর ৮ নং ধারা বলে নিম্নে উল্লিখিত তারিখে অধিগ্রহণ করে নিয়েছে।

এতদ্বারা, বিশেষভাবে ঋণগ্রহণকারী(দের)/জামিনদার(দের)/বন্ধকদার(দের) ও সার্বিকভাবে জনসাধারণকে এই মর্মে সতর্ক করা হচ্ছে যে, কেউ যেন উক্ত সম্পত্তি/গুলি নিয়ে কোনো ব্যবসায়িক কার্যকলাপ না করে, নচেৎ পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, মূল অর্থ সহ সুদ নিয়ে মোট অর্থাঙ্ক দাবি করবে।

উপরোক্ত বিবৃত আইনের সেকশন ১৩-এর সাবসেকশান ৮ অনুযায়ী ঋণগ্রহণকারী(দের)/জামিনদার(দের)/বন্ধকদার(দের) জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, উক্ত সময়ের মধ্যে বন্ধক রাখা সম্পদ সুনিশ্চিত করুন।

| শাখার নাম | অ্যাকাউন্টের নাম | ঋণগ্রহণকারীর নাম (সম্পত্তির মালিক) | বন্ধকী সম্পত্তির বিবরণ | দাবি বিজ্ঞপ্তির তারিখ | দখল বিজ্ঞপ্তির তারিখ | দাবি বিজ্ঞপ্তির তারিখের হিসাবে প্রাপ্য বকেয়া |
|---|---|---|---|---|---|---|
| ১৩৯৭২০ - এস বি গড়াই রোড | অটো লাইফ | সুনীল কুমার পাল, পিতা- ধীরেন্দ্রনাথ পাল, গ্রাম- কুলতোড়া, জি.টি রোড (পশ্চিম), পোঃ- সীতারামপুর, জেলা- পশ্চিম বর্ধমান-৭১৩৩৫৯ | রেসিডেন্সিয়াল জমি ও বিল্ডিং, ১৪৮৫ বর্গফুট, (১০৮০ বর্গফুট নির্মিত এলাকা), আরএস প্লট নং - ২৮৮(পি), আরএস খতিয়ান নং-৭৮১, জেএল নং- ৫২, মৌজা- নিয়ামতপুর, ওয়ার্ড নং ২, জেলা- পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ, ভারত-তে সুনীল কুমার পালের নামে ১৯৮৪ সালে সেল ডিড নং - I-৩৮২৪ অনুযায়ী নিবন্ধীকৃত। | ১১.০৩.২০২৫ | ২১.০৬.২০২৫ | ৫,৭১,২৫৬.১৪ টাকা (পাঁচ লাখ একাত্তর হাজার দুশো ছাপ্পান্ন টাকা ও চৌদ্দ পয়সা মাত্র) |

তারিখ : ২১.০৬.২০২৫
স্থান : নিয়ামতপুর, আসানসোল

পবন কুমার, চিফ ম্যানেজার
অনুমোদিত আধিকারিক, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক

### ENTERPRISE INTERNATIONAL LIMITED

Regd.Office: " MALAYALAY" Unit No. 2A(s), 2nd Floor,
3 Woodburn Park, Kolkata-700020
CIN No. : L27104WB1989PLC047832
Ph: 033- 4044 8394
Email I'd:- contact@eilgroup.com , Website: www.eilgroup.co.in

**NOTICE**

Notice is hereby given that the **36th Annual General Meeting** of the Company will be held at "SARDA SADAN" 382/1B, HEMANTA MUKHOPADHYAY SARANI (KEYATALA LANE) KOLKATA – 700 029 **on Wednesday the 10th day of September, 2025 at 10:00 AM** to transact the business as detailed in the notice dated **June 21st, 2025** being E-mailed/ Posted to the Members of the Company.

**Notice is given in terms of Section 108** of the Companies Act, 2013 and the rule made there under, the Company is offering e-voting facility to the member in respect of the business to be transacted at this AGM. The Company has engaged Central Depository Services (India) Limited (CDSL) for facilitating e-voting. The voting period begins on **September 07th, 2025 from 10:00 a.m** and end of **September 09th, 2025 at 5.00 p.m**. During this period shareholders holding shares as on the cut-off date i.e, **September 03rd, 2025** may cast their vote electronically. The e-voting shall not be allowed beyond that said date and time. Any member who acquires shares of the company and become member after dispatch of the notice and is holding the shares on the cut-off date may contact the company for login-id and password. For e-voting instruction members may refer to the notice of the AGM.The Company has appointed Scrutinizer for conducting the e-voting process. In case member have any queries or issues regarding e-voting, you may refer the Frequently Asked Questions ("FAQs") and e-voting manual available at **www.evotingindia.com** under help section or write an email to helpdesk.evoting@cdslindia.com.

**Facility for voting through** ballot will also be made available at the AGM and the members attending the AGM who have not casted their vote by e-voting shall be able to exercise their right at the AGM through Ballot. Members who have cast their votes by e-voting prior to the AGM may attend the AGM but shall not be entitled to cast their vote again.

Notice is also hereby given that pursuant to Section 91 of the Companies Act, 2013, Register of the Members and Shares Transfer Books of the Company will remain Close from **Thursday the 04th September 2025 to Wednesday the 10th September 2025** (Both days inclusive) for the purpose of Annual General Meeting.

**This is for your information and record please.**

FOR ENTERPRISE INTERNATIONAL LTD.
SD/- (GOPAL DAS SARDA)
WHOLE TIME DIRECTOR

PLACE : KOLKATA
DATED : 21 June, 2025